



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৩

তারিখঃ -----
১৩ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৮ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

তৈরী পোশাক সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের সুবিধার্থে এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/
কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা, বোনাস প্রদানের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ
আগামী ৩১ জুলাই, ২০২০ তারিখ রোজ শুক্রবার (ঈদের পূর্বের দিন) খোলা রাখা প্রসঙ্গে।

আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয় এবং উক্ত শিল্পে কর্মরত
শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর,
সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা
নিশ্চিতকরণপূর্বক আগামী ৩১ জুলাই, ২০২০ তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত
(লেনদেনের সময় সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা) খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে
নির্দেশ প্রদান করা হলো।

০২। উল্লেখ্য, উক্ত দিবসে (৩১ জুলাই, ২০২০) সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ
ব্যাংকের ক্লিয়ারিং ব্যবস্থা খোলা থাকবে। তবে, ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে উপরিলিখিত এলাকার বাহিরে অবস্থিত
কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না এবং এরূপ চেক যথারীতি প্রত্যাখ্যাত হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৩